

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৯৬
কৈলাসহর, ২৭ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
কৈলাসহরে ভোটকর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের অন্তর্গত ৫২-চন্ডীপুর ও ৫৩-কৈলাসহর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের নির্বাচনের কাজে যুক্ত ভোটকর্মীদের প্রথম পর্যায়ের মহড়া আজ কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। মহড়ায় ৫৪৯ জন ভোটকর্মী অংশগ্রহণ করেন। তাদের প্রশিক্ষণ দেন ডিস্ট্রিক্ট লেভেল মাস্টার ট্রেনার পরাগ রায় চৌধুরী, প্রণব কান্তি নাথ, দেবপ্রিয় সিনহা, সঞ্জয় দে, বিশ্বজিৎ বিশ্বাস ও পিন্টু সরকার। নির্বাচনী মহড়ায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের সহকারি রিটার্নিং অফিসার তথা উনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক অর্ঘ সাহা, কৈলাসহর মহকুমার অতিরিক্ত মহকুমার শাসক নবকুমার জমতিয়া প্রমুখ।
